



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোনঃ ৮৯০০৩৫৮।
ই-মেইল: rebdpa@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১২৮.২১- ২১৬৮

তারিখঃ ০৯ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ


বিষয়ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' পদে নিয়োগ পরীক্ষা সংক্রান্ত।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর রাজস্ব খাতভুক্ত 'কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী' পদে আবেদনকারী প্রার্থীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, উক্ত পদের নিয়োগ পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

| পরীক্ষার নাম | পরীক্ষা অনুষ্ঠানের তারিখ ও সময় | পরীক্ষার কেন্দ্র |
|-------------------------|--|---|
| লিখিত (এমসিকিউ) পরীক্ষা | ০২-০৪-২০২১ খ্রি. (শুক্রবার) বিকাল ৩:৩০ টা থেকে ৪:৩০ টা পর্যন্ত। | কুর্মিটোলা হাই স্কুল এন্ড কলেজ, খিলক্ষেত, ঢাকা-১২২৯। |
| ব্যবহারিক পরীক্ষা | ০৩-০৪-২০২১ খ্রি. (শনিবার) সকাল ১০ টা থেকে। | প্রশিক্ষণ একাডেমী ভবন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯। |
| মৌখিক পরীক্ষা | ০৪-০৪-২০২১ (রবিবার) এবং ০৫-০৪-২০২১ খ্রি. (সোমবার) সকাল ১০ টা থেকে। | কর্মচারী প্রশাসন পরিদপ্তর, সদর দপ্তর ভবন (২য় তলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯। |

বিশেষ দৃষ্টব্য :

- প্রার্থীদের অনুকূলে ডাকযোগে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রার্থীদেরকে brebr.teletalk.com.bd ওয়েবসাইট হতে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। পরীক্ষার সময় অবশ্যই প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং সকল মূল সার্টিফিকেটের ০২(দুই) সেট সত্যায়িত ফটোকপি (যেমন- শিক্ষাগত যোগ্যতার সনদসমূহ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, অভিজ্ঞতার সনদ (প্রয়োজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব/ জাতীয়তা সনদ, প্রয়োজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, এতিম ও শারীরিক প্রতিবন্ধী সনদ এবং উপজাতি সনদ ইত্যাদি) এবং ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি জমা প্রদান করতে হবে।
- মৌখিক পরীক্ষার সময় Applicant's Copy অবশ্যই জমা প্রদান করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।


(মুহাম্মদ খালেদ হোসেন)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর।

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) :

- ০১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৩। একান্ত সচিব, সদস্য (প্রশাসন), বাপবিবো, ঢাকা।

নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করতঃ ০৫-০৪-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিতরণঃ

- ০১। নোটিশ বোর্ড।